দৈনিক জনকণ্ঠ

# শিক্ষকদের জন্য ভাতা

সরকার এবার বেসরকারী শিক্ষক-কর্মচারীদের জন্য অবসর সুবিধা ও কল্যাণ ভাতা বাবদ ৬৫০ কোটি টাকা অনুদান দিয়েছে। এটি বেসরকারী শিক্ষক সমাজে অপ্রাপ্তি ও জীবন সংগ্রামের ভেতর একটি বড় সুসংবাদ। অপরদিকে এবার হজ গমনেচ্ছু ১ হাজার ৮৫১ জন অবসরপ্রাপ্ত শিক্ষক-কর্মচারীকে মোট ৬৩ কোটি ৮৭ লাখ টাকার কল্যাণ ও অবসর সুবিধা প্রদান করা হচ্ছে। এই উদ্যোগ সাধুবাদযোগ্য। অনলাইনে সকলের কাছে সুবিধা পৌঁছে দেয়ার অঙ্গীকার বাস্তবায়ন হতে শুরু করেছে। স্ব স্ব ব্যাংক এ্যাকাউন্টে তাদের টাকা পৌঁছে যাওয়ার কথা। বলাবাহুল্য, এতে হয়রানি কমবে। আরও একটি বড় সুসংবাদ আসছে অচিরেই। সেটি হলো শিক্ষা প্রতিষ্ঠানের জাতীয়করণ। শিক্ষকদের উদ্দেশে মৎস্য ও প্রাণিসম্পদ প্রতিমন্ত্রী বলেছেন, জাতীয়করণে খুব শীঘ্রই শুভদিন আসছে। জাতীয়করণে কত টাকা খরচ হবে মাধ্যমিক, উচ্চমাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে তা আলাদা আলাদা খরচের হিসাব জানতে তাগিদ দিয়েছেন প্রধানমন্ত্রী।'

প্রধানমন্ত্রী শেখ হাসিনা একবার বলেছিলেন, 'শিক্ষকদের সম্মান সব সময়ই সবার ওপরে।' মানুষের মনের কথাটিই তিনি উচ্চারণ করেছিলেন। শিক্ষকদের সম্মান ও মর্যাদা অবশ্যই রক্ষা করতে হবে। সরকার সেই লক্ষ্যেই অবিচল রয়েছে। বর্তমান সরকারের সময়ে ২০০৯ সাল থেকে এ পর্যন্ত ৫১ হাজার ৮৭৪ জন বেসরকারী শিক্ষক-কর্মচারীকে ২ হাজার ৬৩ কোটি ৫০ লাখ টাকা অবসর ভাতা প্রদান করা হয়েছে। এ সময়ে ৬৮ হাজার ৪২৪ জনকে ৯৬৩ কোটি টাকা কল্যাণ ভাতা প্রদান করা হয়েছে। ধারাবাহিকভাবে সকল শিক্ষক তাদের সুবিধা পাবেন।

শিক্ষকতা পেশাকে এখনও সমাজ উচ্চ মর্যাদা দিয়ে থাকে। শিক্ষকেরা বিশেষ শ্রদ্ধা ও ভরসার পাত্র। কিন্তু শিক্ষাদানের মহান আদর্শ উর্ধে রাখার সংগ্রামে কোন কোন শিক্ষক ভেতরে ভেতরে অনেক সময় কিছুটা আশাহত হয়ে পড়েন। শিক্ষকদের সঙ্গে অন্যান্য পেশাজীবীর মূল পার্থক্য হচ্ছে শিক্ষকরা জাতির ভবিষ্যত নাগরিকদের তৈরি করেন। তাদের দূরদর্শিতা, বিচক্ষণতা, সহিষ্ণুতা ও শিষ্টাচার সকলের অনুসরণীয় হওয়ার মতো। ভাল শিক্ষাদান করতে পারেন একজন ভাল মানেরই শিক্ষক। ভাল মানের শিক্ষক পাওয়া তখনই সম্ভব যখন একজন মেধাবী ও যোগ্য ব্যক্তিকে আমরা শিক্ষকতা পেশায় পাব। আর্থিক বিচারে একজন শিক্ষক স্বাচ্ছন্দ্যভাবে জীবনযাপন করতে না পারলে এই মহান পেশায় তারা কেন আসবেন? বরং তারা চলে যাবেন এমন একটি পেশায় যেখানে ভাল উপার্জনের নিশ্চয়তা রয়েছে। হতে পারে সেটা ব্যাংক কিংবা বেসরকারী উন্নয়ন সংস্থা কিংবা স্বআত্মকর্মস্থানের সুযোগও কাজে লাগাতে পারেন তারা ব্যবসার মাধ্যমে। বাস্তবতা হলো ভাল বেতন ও মানসম্পন্ন শিক্ষক একের সঙ্গে অন্য বিষয়টি অঙ্গাঙ্গীভাবে জড়িত। আমরা যদি ভবিষ্যতের কথা ভাবি, আমরা যদি চাই দেশের ভবিষ্যত কর্ণধারেরা সুযোগ্য হয়ে উঠুক, তাহলে তাদের সুশিক্ষিত করে গড়ে তোলার কোন বিকল্প নেই। সেক্ষেত্রে ভাল মানের শিক্ষক সবার আগে আবশ্যক। আমরা মনে করি সার্বিক বিবেচনায় ভাল শিক্ষক প্রাপ্তি ও শিক্ষকতা পেশায় তাদের ধরে রাখার লক্ষ্যে সুদূরপ্রসারী পরিকল্পনা গ্রহণের প্রয়োজন রয়েছে। সেইসঙ্গে শিক্ষক সমাজের কাছেও দেশের মানুষ ও শিক্ষার্থীদের অভিভাবকদের কিছু প্রত্যাশা রয়েছে। শিক্ষাকে পণ্য নয়, বরং সেবার দৃষ্টিকোণ থেকে বিবেচনা করে সম্মানিত শিক্ষকসমাজ দায়িত্ব ও কর্তব্য পালনে সচেষ্ট হবেন এমনটাই দেশবাসীর প্রত্যাশা।

**আমরা যদি ভবিষ্যতের কথা ভাবি, আমরা যদি চাই দেশের ভবিষ্যত কর্ণধারেরা সুযোগ্য হয়ে উঠুক, তাহলে তাদের সুশিক্ষিত করে গড়ে তোলার কোন বিকল্প নেই**